



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশী প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৮

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৩ বাংলা
০৪ আগস্ট ২০১৬ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

বিষয়ঃ সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

আপনারা অবগত আছেন যে, সাম্প্রতিক বন্যায় দেশের উত্তরাঞ্চলসহ বিভিন্ন জেলার বিস্তীর্ণ এলাকা প্লাবিত হওয়ায় এসব এলাকার আবাদী ফসল, গবাদী পশুসহ জনসাধারণের ব্যাপক ক্ষয়ক্ষতি সাধিত হয়েছে। ফলে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষুধের অভাবসহ এসব এলাকার জনগণ বর্তমানে মানবেতর জীবনযাপন করছে। এ প্রেক্ষিতে সমাজসেবামূলক কার্যক্রমের অংশ হিসাবে বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকার অসহায় জনগোষ্ঠীর মাঝে প্রতিষ্ঠানের উদ্বৃত্ত/ঝুঁকি তহবিলের অর্থ ব্যয়ে জরুরী খাদ্য, বিশুদ্ধ পানি ও ঔষুধসহ প্রয়োজনীয় বিভিন্ন ত্রাণ সামগ্রী বিতরণ করার জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বন্যা পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে বিস্তারিত তথ্য উল্লেখপূর্বক বর্ণিত খাতে ব্যয়কৃত অর্থের কার্যোত্তর অনুমোদনের জন্য অথরিটির নিকট আবেদন দাখিল করতে হবে; অন্যথায় আপনাদের প্রতিষ্ঠান এ জাতীয় কোন ব্যয় করেনি মর্মে গন্য করা হবে।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সাজ্জাদ হোসেন)
পরিচালক
ফোনঃ ৮৩৩২৬৭৭

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৬- (২১৯)৭(৫৬৪)

তারিখঃ ৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৩. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৮৩১৫৭৯৯।